



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/28/2021

গভর্নর ক্যাথি হোচুল

রাইকার্স আইল্যান্ডে চলমান সংকটের মধ্যে, দূর থেকে আদালতের শুনানির ব্যবস্থা সম্প্রসারণের জন্য গভর্নর হোচুলের নির্বাহী আদেশ স্বাক্ষর

আদালত ভবনে ধারণক্ষমতার সীমা সহজতর করতে সাহায্য করবে, কারেকশন বিভাগের কর্মীদের আবাসন তদারকি ও নিরাপত্তা বিভাগে স্থানান্তরিত করার সুযোগ দিবে, এবং রাইকার্স আইল্যান্ডে কারাবন্দীদের সংখ্যা কমানোর জন্য শুনানি ত্বরান্বিত করবে

গভর্নরের কার্যালয় প্রয়োজন অনুযায়ী ভিডিও সক্ষমতা বৃদ্ধি করতে অতিরিক্ত সংস্থান বরাদ্দ করবে এবং মামলাসমূহের দ্রুত পর্যালোচনা নিশ্চিত করতে অফিস অব কোর্ট অ্যাডমিনিস্ট্রেশন (Office of Court Administration) এর সাথে কাজ করবে

গভর্নর হোচুলের কমই বেশি আইন (Less is More Act) স্বাক্ষর করার এবং সিটির কারাগারগুলোতে বিচার ও নিরাপত্তা উন্নত করার ক্ষেত্রে পদক্ষেপ গ্রহণের ঘোষণা দেয়ার 10 দিন পর এই আদেশ এসেছে—এখন পর্যন্ত 125 জনকে রাইকার্স থেকে স্টেটের ফ্যাসিলিটিগুলোতে স্থানান্তর করা হয়েছে এবং 185 জনকে রাইকার্স থেকে মুক্তি দেয়া হয়েছে

নির্বাহী আদেশ [এখানে](#) পড়ুন

রাইকার্স আইল্যান্ডে চলমান সংকটের মধ্যে, গভর্নর ক্যাথি হোচুল আজ দূর থেকে আদালতের শুনানির ব্যবস্থা সম্প্রসারণের জন্য একটি [নির্বাহী আদেশে](#) স্বাক্ষর করেছেন। এই আদেশ ভার্চুয়ালভাবে আদালতে হাজিরা দেয়ার ব্যবস্থা সম্প্রসারণের জন্য ফৌজদারি কার্যধারা আইনের ধারা 182 সাময়িকভাবে পরিবর্তন করবে। ভার্চুয়ালভাবে আদালতে হাজিরা দেয়ার ব্যবহার সম্প্রসারণ করার বিষয়টি আইনি প্রক্রিয়া ত্বরান্বিত করবে এবং রাইকার্স আইল্যান্ডে কারেকশন বিভাগের কর্মীদের কারাবন্দীদের পরিবহন করা থেকে আবাসন তদারকি ও নিরাপত্তা বিভাগে স্থানান্তর হওয়ার সুযোগ দিবে।

"যখন আমি 10 দিন আগে কমই বেশি আইনে স্বাক্ষর করেছি, সেটি ছিল রাইকার্স আইল্যান্ডের সংকটের সমাধান খোঁজায় সাহায্য করতে আমার প্রশাসনিক কাজের শুরু, সমাপ্তি নয়," বলেছেন গভর্নর হোচুল। "রাইকার্স-এ নিরাপত্তা ও বিচার উন্নত করা মানবাধিকার এবং মানবিক মর্যাদা রক্ষার সাথে সম্পর্কিত। কোনো কারারুদ্ধ ব্যক্তি, কোনো কারেকশন অফিসার, এবং কোনো পরিবারের সদস্যেরই রাইকার্স আইল্যান্ডের বর্তমান বাস্তবতা সহ্য করার কথা ছিল

না, এবং নিউ ইয়র্কবাসীদেরকে রাইকার্স-এ তাদের আদালতে হাজির হওয়ার জন্য অপেক্ষায় থেকে অবসন্ন হয়ে পড়া থেকে রক্ষা করতে আমাদের অবশ্যই সাধ্যমত সকল পদক্ষেপ নিতে হবে। যদিও সরকারের সকল লেভেলের সাথে সহযোগী হয়ে আরো বেশি কাজ করার প্রয়োজন রয়েছে, এই নির্বাহী আদেশ ধারণক্ষমতা সংক্রান্ত উদ্বেগ প্রশমন করা এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে সাহায্য করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ।"

গভর্নরের কার্যালয় শুনানি ত্বরান্বিত করার অন্যান্য উপায় খুঁজতে অফিস অব কোর্ট অ্যাডমিনিস্ট্রেশনের সাথে কাজ করছে, এবং এই কাজের অংশ হিসেবে বিচার-পূর্ব খালাস, ওয়্যারেন্ট ও হোল্ড ক্লিয়ার করা, রিট, এবং আটক ব্যক্তিদের দণ্ডদেশ পুনরায় শুনানির প্রস্তাবের মামলাগুলো দ্রুত পর্যালোচনা নিশ্চিত করতে OCA প্রতিশ্রুতিবদ্ধ। গভর্নরের কার্যালয় প্রয়োজন অনুযায়ী ভিডিও সক্ষমতা বৃদ্ধির জন্য অতিরিক্ত সংস্থানসমূহ সরবরাহ করতেও দৃঢ় প্রতিজ্ঞ।

17 সেপ্টেম্বর, গভর্নর হোচুল সিটির জেলখানাগুলোতে ন্যায়বিচার ও নিরাপত্তা উন্নত করার উদ্দেশ্যে বড় ধরনের পদক্ষেপ গ্রহণের [ঘোষণা দিয়েছেন](#), যার মধ্যে কমই বেশি আইনে স্বাক্ষর করা এবং কারারুদ্ধ ব্যক্তিদের রাইকার্স আইল্যান্ড থেকে স্টেটের কাস্টডিতে স্থানান্তরের ব্যবস্থা করতে ডিপার্টমেন্ট অব কারেকশন্স (Department of Corrections) ও সিটির সাথে একটি চুক্তির ঘোষণা প্রদান করা অন্তর্ভুক্ত রয়েছে। এখন পর্যন্ত, এই চুক্তির অধীনে 125 জন ব্যক্তিকে রাইকার্স আইল্যান্ড থেকে স্টেট ফ্যাসিলিটিতে স্থানান্তর করা হয়েছে, এবং কমই বেশি আইনের উদ্দীপনায় 185 জন ব্যক্তিকে রাইকার্স থেকে মুক্তি দেয়া হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবন্ধাইব করুন](#)